গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
dss.nandail.mymensingh.gov.bd

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪১.০১.৬১৭২.০০০.২৩.০০২.২৩.১২

**বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহের পল্লী সমাজসেবা(আরএসএস) সুদমুক্ত কার্যক্রমের নিরীক্ষা পরবর্তী গৃহীত পদক্ষেপের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে ।**

সূত্র: ০১। স্মারক নম্বর:-৪১.০১.০০০০.০৪২.১৬.০৩৫.২৩.১৪৬; তারিখ:১৫ আগস্ট ২০২৩, সমাজেসবা অধিদপ্তর, ঢাকা ।
০২। স্মারক নম্বর:৪১.০১.৬১০০.০০০.১৬.০০৬.১৯.১৩১; তারিখ:১০ অক্টোবর ২০২৩, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনিসংহ ।
০৩। স্মারক নম্বর:-৪১.০১.০০০০.০৪২.১৬.০৩৫.২৩.১২; তারিখ:১৫ জানুয়ারী ২০২৪, সমাজেসবা অধিদপ্তর, ঢাকা ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সদর দপ্তরে অনুষ্ঠিত গত ২৫/০৭/২০২৩ তারিখে সকল ক্ষুদ্রঋণ কার্যক্রমের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ নিরীক্ষা পরবর্তী স্মারক নম্বর:-৪১.০১.০০০০.০৪২.১৬.০৩৫.২৩.১৪৬; তারিখ:১৫ আগস্ট ২০২৩, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা যোগে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক গৃহীত পদক্ষেপের অগ্রগতি প্রতিবেদন অত্র কার্যালয়ের স্মারক নম্বর:৪১.০১.৬১৭২.০০০.২৩.০০২.২৩.১০৩; তারিখ:২২ নভেম্বর ২০২৩ যোগে অবহিত করা হয় । বর্ণিত পত্রের সূত্রে বিবৃত অগ্রগতি প্রতিবেদনের উপর স্মারক নম্বর:-৪১.০১.০০০০.০৪২.১৬.০৩৫.২৩.১২; তারিখ:১৫ জানুয়ারী ২০২৪, সমাজেসবা অধিদপ্তর, ঢাকা মূলে ২৫ জানুয়ারী ২০২৪ এর মধ্যে সর্বশেষ গৃহীত পদক্ষেপের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পুন:নির্দেশনা প্রদান করা হয় ।

২। উপর্যুক্ত স্মারকে প্রাপ্ত পত্রের নির্দেশনা ও পুন:নির্দেশনার প্রেক্ষিতে পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রমের অগ্রগতির তথ্য নিম্নরুপ:

ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক বাস্তবায়িত পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রমের ব্যাংকে গচ্ছিত অর্থ ৳৬৪,৪০,৯৯৬(চৌষট্টি লক্ষ চল্লিশ হাজার নয়শত ছিয়ানব্বই) এর মধ্যে প্রকল্পগ্রামের প্রতি স্কীমের বিপরীতে মোট বিনিয়োগকৃত অর্থের ৮০% হিসেবে পূর্বে আদায়কৃত অর্থ ৳১০,০৮,৬০৫(দশ লক্ষ আট হাজার ছয়শত পাঁচ) এবং পরবর্তীতে আদায়কৃত অর্থ ৳১,৩৭,৩৯৫(এক লক্ষ সাইত্রিশ হাজার তিনশত পচাঁনব্বই)সহ মোট ৳১১,৪৬,০০০(এগার লক্ষ ছেচল্লিশ হাজার) নিম্নবর্ণিতভাবে পুন:বিনিয়োগ করা হয়েছে:

<u>প্রকল্পগ্রামের বিনিয়োগ/পুন:বিনিয়োগকৃত অর্থের ৮০% আদায়ের ব্যাংকে গচ্ছিত অর্থ পুন:বিনিয়োগের তথ্য:</u>

| পূর্ব বিনিয়োগ/পুন:বিনিয়োগ তথ্য | | | | | নতুন পুন:বিনিয়োগ তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রকল্প গ্রামের নাম | বিনিয়োগের তারিখ | বিনিয়োগকৃত অর্থ | ৮০% বা তদুর্ধ্ব হিসেবে আদায়কৃত অর্থের পরিমাণ | স্কীম গ্রহিতার নাম | যে সমস্ত প্রকল্পে পুন: বিনিয়োগ করা হয়েছে | পুন:বিনিয়োগকৃত অর্থ |
| ১ | সাভার দ:পাড়া | ১৫/১২/২০২১ | ১,০০,০০০ | ১,০০,০০০ | ১.মাহমুদুল হাসান<br>পিতা: মুন্তাজ আলী<br>২.রাহেমা খাতুন<br>স্বামী: মুন্তাজ আলী | সাভার দ:পাড়া | ৳১,০০,০০০ |
| ২ | পশ্চিম শিবনগর ধরগাঁও | ১৭/০৭/২০১৪ | ১,০০,০০০ | ৯৫,০০০ | ১.খলিলূর রহমান<br>পিতা: সিরাজ আলী<br>২.দুলেনা খাতুন<br>স্বামী: চুনু মিয়া | ধরগাঁও | ৳৯৫,০০০ |
| ৩ | মধ্যবারুইগ্রাম ইউ: চন্ডিপাশা | ৪/৬/২০১৭ | ১,৫০,০০০ | ১,৫০,০০০ | ১.মো: সাইফুল ইসলাম<br>পিতা: সামেদ আলী ফকির<br>২.আ: সালাম<br>পিতা: আমজাদ ভূইয়া<br>৩.নুরুন্নাহার<br>স্বামী : দুলাল | মধ্যবারুইগ্রাম | ৳১,৫০,০০০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | লংগার পাড়<br>মেরাকোনা<br>মাদারী নগর<br>রাজাবাড়ীয়া | ৭/২/২০১৮<br>২৯/১১/৯২<br>১৮/৮/০৮<br>৩০/১০/০১ | ২০,০০০<br>২০,০০০<br>২০,০০০<br>২০,০০০ | ২০,০০০<br>১৯,০০০<br>২০,০০০<br>২০,০০০ | ১.ফেরদৌস আহমেদ<br>পিতা:আফতাব উদ্দিন<br>২.রাশিদা খাতুন<br>স্বামী : মো:মোজাফর আলী<br>৩.হালিমা আক্তার<br>স্বামী: গিয়াস উদ্দিন | তারাপাশা প্রকল্পে পুন: বিনিয়োগ | ৳৭৯,০০০ |
| ৫ | উ: বাতুয়াদী<br>জাহাঙ্গীরপুর<br>মোয়াজ্জেমপুর | ২০/৯/০১৫<br>৪/২/৯৭ | ১৫০,০০০<br>১০,০০০ | ১,৫০,০০০<br>১০,০০০ | ৪.নাছিমা আক্তার<br>স্বামী: নয়ন মিয়া<br>৫.মোছা: আছিয়া<br>স্বামী : আ: হেকিম | | ৳১,৬০,০০০ |
| ৬ | মধ্য বারুইগ্রাম | ২২/১০/১৮ | ২,০০,০০০ | ২,০০,০০০ | ১.আরিফুল ইসলাম<br>পিতা: আ:মালেক<br>২.মাকসুদা<br>স্বামী: হেলাল<br>৩.নাজমা<br>স্বামী: ফিরোজ আলী<br>৪.রবিন<br>পিতা: আবু তাহের | মধ্য বারুইগ্রাম | ৳২,০০,০০০ |
| ৭ | গয়েশপুর<br>তালজাংগা | ১৯/৩/৯২<br>১৩/১২/০৬ | ১০,০০০<br>৫০,০০০ | ৯,০০০<br>৪০,০০০ | ১. জালাল উদ্দিন<br>পিতা:কুতুবদ্দিন<br>২.নাছিমা খাতুন<br>স্বামী: আ: আলিম | | ৳৪৯,০০০ |
| ৮ | পাছমুশুলী<br>উ: মুশুলী<br>চকমতি<br>চংভাদেরা | ৪/৯/৯৪<br>১৮/৫/২০০০<br>২৮/৯/৯৭<br>২৩/৩/৯৬<br>৩০/১১/৯২ | ৩০,০০০<br>৭০,০০০<br>৪০,০০০<br>২০,০০০<br>৩০,০০০ | ৩০,০০০<br>৬৩,০০০<br>৩২,০০০<br>১৫,০০০<br>২৮,০০০ | ৩.মুক্তা আক্তার<br>স্বামী: হুমায়ুন কবির<br>৪.হুমায়ুন কবির<br>পিতা:ইছাক আলী<br>৫. আ: আলী<br>পিতা: কুতুব আলী | মেরেংগা | ৳১,৬৮,০০০ |
| ৯ | আলীহর গাতী<br>সগ্রাদী<br>বীর কামাটকালী | ১/১২/০১<br>২৫/৯/৮৯<br>৪/৯.০২<br>২/৬/৯৯ | ৫০,০০০<br>১৫,০০০<br>২০,০০০<br>২০,০০০ | ৫০,০০০<br>১৫,০০০<br>২০,০০০<br>২০,০০০ | ১.মো: জুয়েল মিয়া<br>পিতা: জসিম উদ্দিন<br>২. মো: হাবিবুর রহমান<br>পিতা: আমজত আলী<br>৩. মো:মুন্তাজ আলী<br>পিতা: মৃত নুর হোসেন | চরবেতাগৈর | ৳১,০৫,০০০ |
| ১০ | কাশিনগর | ২০/১২/০৬ | ৫০,০০০ | ৪০,০০০ | ১.মোছা: ফারিহা আক্তার শায়লা<br>পিতা: মো: আ: হালিম | কাশিনগর | ৳৪০,০০০ |
| সর্বমোট | | | ৳ ১১,৯৫,০০০ | ৳ ১১,৪৬,০০০ | ৳১১,৪৬,০০০(এগার লক্ষ ছেচল্লিশ হাজার) | | |

খ) পল্লী সমাজসেবা((আরএসএস) কার্যক্রমের প্রকল্পগ্রামের স্ব-স্ব ব্যাংক হিসাবে জমাকৃত অর্থের উপর প্রাপ্ত সুদের সমুদয় অর্থ অত্র কার্যালয়ের স্মারক নম্বর: ৪১.০১.৬১৭২.০০০.২৩.০০২.২৩.৪; তারিখ: ৮ জানুয়ারী ২০২৪ মূলে(সংযুক্তি-০১ এ সদয় দ্রষ্টব্য) "কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যহার, নান্দাইল উপজেলা'-শীর্ষক শিরোনামে চলতি হিসাব নম্বর:৩৩১৮১০০০০৬৮১২, সোনালি ব্যাংক লি: নান্দাইল শাখায় মোট ৳৭,৬৯,৩৪৮(সাত লক্ষ উনসত্তর হাজার তিনশত আটচল্লিশ) জমা প্রদান করা হয় যার পূর্বের স্থিতি ৳৬,৯৪,০৭৩(ছয় লক্ষ চুরানব্বই হাজার তিয়াত্তর)সহ বর্তমান নীট স্থিতি ৳১৪,৬৩,৪২১(চৌদ্দ লক্ষ তিষট্টি হাজার চারশত একুশ))(সংযুক্তি-০২ এ সদয় দ্রষ্টব্য) । সমাজসেবা অধিদপ্তর, ঢাকা এর নম্বর:৪১.০১.০০০০.০৪২.৮৩(৫৫৫); তারিখ:২৯ জানুয়ারী ২০১৪ যোগে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক নীট স্থিতি ৳১৪,৬৩,৪২১ এর ২৫% অর্থ ৳৩,৬৫,৫০০(তিন লক্ষ পয়ঁষট্টি হাজার পাঁচশত) অত্র কার্যালয়ের স্মারক নম্বর:৪১.০১.৬১৭২.০০০.২৩.০০১.২৩.১১; তারিখ:২৫ জানুয়ারী ২০২৪ মূলে(সংযুক্তি-০৩ এ সদয় দ্রষ্টব্য) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা বরাবর "ব্যাংক সুদের অর্থে মোটর সাইকেল ক্রয়ে বিশেষ ঋণ"- শীর্ষক শিরোনামে চলতি হিসাব নম্বর: ৪৪৪০৪৩৩০০৫২৯৫, সোনালি ব্যাংক লি:, আগারগাঁও, ঢাকা শাখায় পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট মারফত প্রেরণ করা হয়েছে যার নম্বর:২০০৬১১৯০৭; তারিখ:২৯/১/২০২৪ এবং হিসাব নম্বর:২০০০০০০০০০০০১(সংযুক্তি-০৪ এ সদয় দ্রষ্টব্য) । নীট স্থিতির ৭৫% অর্থ ৳১০,৯৬,৫০০(দশ লক্ষ ছিয়ানব্বই হাজার পাচঁশত) আর্থ-সামাজিক স্কীমে ঘুর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগ করা হয়েছে এবং অবশিষ্ট অর্থ ৳১,৪২১(এক হাজার চারশত একুশ) সংশ্লিষ্ট হিসাবে জমা রয়েছে । ঘুর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগকৃত অর্থ আগামী ফেব্রুয়ারী ২০২৪ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদনে সন্নিবেশ করা হবে ।

গ) অনাদায়ী অর্থ ৳৮০, ৮২,৩৭৬(আশি লক্ষ বিরাশি হাজার তিনশত ছিয়াত্তর) এর মধ্যে পূর্বে আদায়কৃত অর্থ ৳৮,১০,০০০(আট লক্ষ দশ হাজার)সহ ডিসেম্বর ২০২৩ ও ২৫ জানুয়ারী ২০২৪ পর্যন্ত মোট ৳১৪,৪৬,২২৫(চৌদ্দ লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত পচিঁশ) আদায় করা হয় । ৳৫৩,০০,০০০(তিপ্পান্ন লক্ষ) ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের বিনিয়োগ/পুন:বিনিয়োগ যা নিয়মিতভাবে আদায় করা হচ্ছে । অবশিষ্ট অর্থ ঋণগ্রহীতা/উপকারভোগীর মৃত্যু, নিরুদ্দেশ, অক্ষমতা/অপারগতা ইত্যাদি নানাবিধ কারণে দীর্ঘ অনাদায়ী যা ত্রৈমাসিক ভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা(সংযুক্তি-০৬ এ সদয় দ্রষ্টব্য) তৈরি করে আদায়ের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তার সুনিবিড় তদারকি

ও পর্যবেক্ষণে টিম ভিত্তিক প্রত্যহ মাঠ পরিদর্শন করা হচ্ছে ।

০৩। উপর্যুক্ত স্মারকে প্রাপ্ত পত্রসমূহে মহোদয়ের সদয় নির্দেশনা যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পগ্রাম ভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে নিয়মিত মাঠ পরিদর্শন, নিবিড় পর্যবেক্ষণ এবং বিদ্যমান জনবলের মধ্যে সমন্বয়সাধনপূর্বক সুষ্ঠু, সুন্দর ও সুচারুভাবে বাস্তবায়নের চেষ্টা অব্যাহত রয়েছে । ইতোমধ্যে মহোদয় কর্তৃক প্রদেয় নির্দেশনাসমূহের অধিকাংশই বাস্তবায়ন করা হয়েছে । অনতিক্রম্য কারণবশত অসমাপ্ত যে নির্দেশনাটুকু বাস্তবায়ন করা হয়নি তা যথাযথভাবে বাস্তবায়নের জন্য মহোদয়ের নিকট প্রতিশ্রুতি দিচ্ছি এবং অসম্পূর্ণতা ও যথাসময়ে বাস্তবায়ন না করার জন্য ক্ষমাসুন্দর দৃষ্টিতে সদয় বিবেচনার জন্য বিনীত অনুরোধ করছি ।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে সদয় বিবেচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধ অনুরোধ করছি ।

৩০-০১-২০২৪
ইনসান আলী
উপজেলা সমাজসেবা অফিসার

উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

**স্মারক নম্বর:** ৪১.০১.৬১৭২.০০০.২৩.০০২.২৩.১২/১ (৯)

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
২। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৩। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৪। উপপরিচালক, পল্লী সমাজসেবা কার্যক্রম, সমাজসেবা অধিদফতর;
৫। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ;
৭। সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৮। সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ এবং
৯। অফিস কপি, সংশ্লিষ্ট নথি।

৩০-০১-২০২৪
ইনসান আলী
উপজেলা সমাজসেবা অফিসার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি-০১
(২) সংযুক্তি-০৩
(৩) সংযুক্তি-০৬
(৪) সংযুক্তি-০৪
(৫) সংযুক্তি-০৫
(৬) সংযুক্তি-০২